রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, ডিসেম্বর ১৩, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ভূমি মন্ত্রণালয়**

**(আইন অধিশাখা-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৮ অক্টোবর ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৪.৩৯.০২৫.১৫-১২০**—ভূমি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর ৩১.০০.০০০০. ০৪৪. ৩৯.০২৫.১৫-৭৭(১২০০), তারিখ ৩০ জুন ২০১৫ খ্রিঃ মূলে জারিকৃত ভূমি উন্নয়ন করের হার পুনঃনির্ধারণ বিষয়ক প্রজ্ঞাপনে কয়েকটি জেলার কোন কোন অগ্রসর এলাকা পূর্বের তুলনায় অপেক্ষাকৃত নিম্নধাপে অন্তর্ভুক্তি বা কোন কোন ক্ষেত্রে অনগ্রসর এলাকা উচ্চতর ধাপে অন্তর্ভুক্তি বা কতিপয় ক্ষেত্রে অগ্রসর এলাকা কোন ধাপে অন্তর্ভুক্তি থেকে বাদ পড়ে যাওয়ার বিষয়টি এ মন্ত্রণালয়ের গোচরীভূত হইয়াছে। তৎপ্রেক্ষিতে মাঠ পর্যায় থেকে তথ্য ও মতামত সংগ্রহপূর্বক পর্যালোচনা করতঃ উল্লিখিত প্রজ্ঞাপনের ২নং অনুচ্ছেদে অকৃষি জমির নিম্নে উল্লিখিত বিভিন্ন ধাপের পার্শ্বে বর্ণিত এলাকাসমূহ নিম্নরূপে সংশোধনক্রমে অন্তর্ভুক্ত করা হইল ঃ

| ধাপ | সংশোধনীসহ অন্তর্ভুক্ত এলাকাসমূহ |
|---|---|
| ক-ধাপ | ঢাকা সিটি কর্পোরেশনভুক্ত এলাকা-এর স্থলে ঢাকা মহানগরীর সহকারী কমিশনার (ভূমি) গণের আওতাধীন এলাকাসমূহ |
| | গাজীপুর সিটি কর্পোরেশন-এর স্থলে গাজীপুর সিটি কর্পোরেশনসহ ইহার পার্শ্ববর্তী পিরুজালী, ভাওয়ালগড় ও বিবাড়িয়া ইউনিয়ন |
| খ-ধাপ | ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলার স্থলে কেরাণীগঞ্জ উপজেলার শুভাড্যা, জিঞ্জিরা, আগানগর, কালিন্দি, তেঘরিয়া ও শাক্তা ইউনিয়ন |



মূল্য ঃ টাকা ৪.০০

| ধাপ | সংশোধনীসহ অন্তর্ভুক্ত এলাকাসমূহ |
|---|---|
| খ-ধাপ | সাভার পৌর এলাকার স্থলে সাভার, আমিন বাজার ও আশুলিয়া সহকারী কমিশনার (ভূমি) গণের আওতাধীন এলাকা |
| | নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা রাজস্ব সার্কেলের আওতাধীন কুতুবপুর ইউনিয়ন, ফতুল্লা ইউনিয়ন (সিটি কর্পোরেশন বহির্ভূত সমগ্র ইউনিয়ন), এনায়েতনগর ইউনিয়ন (সিটি কর্পোরেশন বহির্ভূত সমগ্র ইউনিয়ন), নারায়ণগঞ্জ সদরের কাশিপুর ইউনিয়ন (সিটি কর্পোরেশন বহির্ভূত সমগ্র ইউনিয়ন), গোগনগর ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন এলাকা, (সৈয়দপুর, মসিনাবন্দ মৌজা) |
| | সোনারগাঁও উপজেলার কাঁচপুর এর স্থলে সোনারগাঁও উপজেলার কাঁচপুর উইনিয়ন |
| | চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া পৌর এলাকা |
| গ-ধাপ | গাজীপুর জেলা শ্রীপুর, কালিয়াকৈর ও কালিগঞ্জ-এর স্থলে গাজীপুর জেলার শ্রীপুর, কালিয়াকৈর ও কালিগঞ্জ পৌর এলাকা |
| | নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলা পিরোজপুর ইউনিয়ন |
| | নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলা (সিটি কর্পোরেশন বহির্ভূত কলাগাছিয়া, বন্দর, মুছাপুর, ধামগড়, মদনপুর ইউনিয়নসমূহ) নারায়ণগঞ্জ সদর উপজেলার বক্তাবলি ইউনিয়ন ও গোগনগর ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন এলাকা (সিটি কর্পোরেশন বহির্ভূত আলীরটেক ও গোপচর মৌজা) |
| | কুমিল্লা জেলার লাকসাম পৌর এলাকা |
| | ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ (সোনারামপুর ও চরচারতলা মৌজা) |
| ঘ-ধাপ | চাঁদপুর জেলার হাজীগঞ্জ পৌর এলাকা গ-ধাপের স্থলে ঘ-ধাপে অন্তর্ভুক্ত হইবে |
| | পটুয়াখালী জেলার কুয়াকাটা পৌর এলাকা |

২। এছাড়া উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত ১নং অনুচ্ছেদের (খ) দফায় “অধিকৃত” শব্দের পরিবর্তে “অর্জিত” শব্দ এবং ৯ নং অনুচ্ছেদের “খতিয়ানে” শব্দের স্থলে “হোল্ডিং-এ” শব্দ পড়িতে হইবে।

৩। কোন হোল্ডিং-এ একাধিক (কৃষি, বাণিজ্যিক, আবাসিক ও অন্যান্য) শ্রেণির জমি থাকিলে সেই ক্ষেত্রে ঐ হোল্ডিংধারীর কৃষি জমির পরিমাণ ২৫(পঁচিশ) বিঘার কম হইলেও উক্ত হোল্ডিংয়ের জন্য আলাদাভাবে ১০(দশ) টাকা মওকুফ দাখিলা গ্রহণের প্রয়োজন নাই।

৪। বিষয়ভুক্ত প্রজ্ঞাপন ৩(তিন) পার্বত্য জেলা ব্যতীত বাংলাদেশের অন্যান্য সকল জেলা/এলাকার জন্য প্রযোজ্য হইবে।

৫। উল্লিখিত প্রজ্ঞাপনের ৩নং অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী পুনঃনির্ধারিত ভূমি উন্নয়ন করের হার ১ জুলাই ২০১৫ হইতে আদায় করিতে হইবে। তবে হিসাবের সময় বাংলা সন অনুসরণ করিতে হইবে।

৬। ইতঃপূর্বে জারিকৃত প্রজ্ঞাপনে অন্যান্য সকল শর্তাধীন এলাকা ও ব্যবহারভিত্তিক প্রতি শতক ভূমির নির্ধারিত ভূমি উন্নয়ন করের হার অপরিবর্তিত থাকিবে।

**মোহাম্মদ শফিউল আলম**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd